গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩,ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
www.dwa.gov.bd

স্মারক নং- ৩২.০১.০০০০.০০১.৩২.০০১.২৫- ২২৪ তারিখ: ১৯/০১/২০২৫.

**বিষয়: অদম্য নারী পুরস্কার ২০২৫ এর মনোনয়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত **"অদম্য নারী পুরস্কার"** কর্মসূচির আওতায় জীবনযুদ্ধে সংগ্রামী, প্রতিভাবান ও সফল নারী যারা ইতোমধ্যে সকল প্রকার প্রতিবন্ধকতাকে উপেক্ষা করে অভিষ্ঠ লক্ষ্যে পৌঁছে গেছেন সে সকল অদম্য নারীকে পুরস্কৃত করা হয়। ২০২৪-২০২৫ অর্থ বছরে এই কর্মসূচির মাধ্যমে ০১. অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী; ০২. শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী; ০৩. সফল জননী নারী; ০৪. নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী এবং ০৫. সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী এই ৫টি ক্যাটাগরিতে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবসে **"অদম্য নারী পুরস্কার"** ২০২৫ প্রদান করা হবে। উল্লিখিত যে কোনো ক্ষেত্রে অবদান রেখেছেন এমন বাংলাদেশী নারীদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**আবেদনের শর্তসমূহ:**

১। আবেদনকারীর জীবন বৃত্তান্ত।

২। যে ক্যাটাগরিতে আবেদন করতে ইচ্ছুক সে ক্যাটাগরির উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

৩। একজন আবেদনকারী একটি মাত্র ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন।

৪। ইতোপূর্বে ২০২৪-২০২৫ অর্থবছরে যারা জয়িতা অন্বেষণে বাংলাদেশ কর্মসূচিতে জেলা/ উপজেলা পর্যায়ে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

আগামী ০৬/০২/২০২৫ তারিখের মধ্যে কর্মসূচি পরিচালক, অদম্য নারী পুরস্কার কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা বরাবর দরখাস্ত প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিস্তারিত তথ্যের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইট (www.dwa.gov.bd) দেখা যেতে পারে।

১৯/০১/২৫
(মো. মনির হোসেন)
কর্মসূচি পরিচালক
অদম্য নারী পুরস্কার কর্মসূচি
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

E:\অদম্য নারী পুরস্কার ফোল্ডার ২০২৫ অনুষ্ঠান\অদম্য নারী পুরস্কার Letter.Docx